উজুলপুরও শোলমারী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মধ্যেকার ফাইনাল খেলাটি বন্ধ

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট খেলাকে কেন্দ্রকরে উজলপুর ও কামদেবপুর গ্রামের লোকজনের মধ্যে সংঘর্ষ ও ধাওয়া পাল্টা ধাওয়ার ঘটনাঘটেছে।

এতে উজুলপুর গ্রামের শিক্ষকও ছাত্রসহ কমপক্ষে ৬ জন আহত হয়েছেন। খেলাটিতে শোলমারী প্রাথমিক বিদ্যালয় দল প্রতিপক্ষ উজুলপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়কে ২-০ গোলে পিছিয়েরাখে। খেলার মাত্র ৫ মিনিট বাকী থাকতে শুরু হয় বাকবিতন্ডা এক পর্যায়ে ধাওয়া পাল্টা ধাওয়া হয়।

আহতদের মধ্যে উজুলপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক তুষার আহম্মেদ, মনোহরপুরগ্রামের কলেজ ছাত্র আকাশ আহম্মেদ (২০), আকাশ হোসেন (১৮), উজুলপুর সরকারী প্রাথমিকবিদ্যালয়ের ছাত্র তানজিল হোসেন (১১), রিফাত হোসেন(১০) ও আব্দুল হালিম (৯)।আহতদেরমধ্যে আকাশ ও আকাশ আহম্মেদকে মেহেরপুর জেনারেল হাসপাতালে ও বাকীদের স্থানীয়ভাবে চিকিৎসাদেওয়া হয়েছে।

স্থানীয়রা জানান, কুতুবপুর ইউনিয়ন পর্যায়ে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ ফুটবলটুর্ণামেন্টে ফাইনাল খেলায় উজুলপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় ও শোলমারী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে চলছিল। ইউনিয়ন পর্যায়ের এই ফাইনাল খেলাটি কামদেবপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে চলছিল। খেলা প্রায় শেষ পর্যায়ে মাত্র ৫ মিনিট বাকী থাকতে একটি ফাউল ধরাকেকেন্দ্র করে উজুলপুর ও কামদেবপুর গ্রামের দর্শকদের মাঝে প্রথমে বাক বিতন্ডা ও পরে সংঘর্ষ ওধাওয়া পাল্টা শুরু হয়। এক পর্যায়ে উজুলপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় দল খেলার মাঠ ছেড়ে চলে আসে।

মেহেরপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ভূপেশ রঞ্জন রায় বলেন, খেলাটি শান্তিপূর্ণভাবেই চলছিল। খেলাপ্রায় শেষ সময় মাত্র ৫ মিনিট বাকি ছিল। এসময় বাইরের দর্শকদের মধ্যে থেকে সংঘর্ষের সৃষ্টিহয়।

যেহেতু শোলমারী সরকারী প্রাথমিক বিদ্যালয় ২-০ গোলে এগিয়ে ছিল।

তারপরেও বঙ্গমাতাশেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ ফুটবল টুর্ণামেন্টের আয়োজক কমিটি যে সিদ্ধান্ত নেবেন সেভাবেই ফলাফল ঘোষণা করা হবে।